

## সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ২৬২৫

৯. কিতাবুস সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ রাত্রির তাহাজ্জুদের পরে বিতরের নামাজ আদায় করার পরেও একজন ব্যক্তি দু'রাকাত সালাত আদায় করতে পারেন — তবে তা ফজরের সুন্নাত দুই রাকাতের বাইরে।

ذِكْرُ الْإِبَاحَةِ لِلْمَرْءِ أَنْ يُصلِّي رَكْعَتَيْنِ بَعْدَ الْوِتْرِ فِي عَقِبِ تَهَجُّدِهِ بِاللَّيْلِ سِوَى رَكْعَتَي الفجر

## আরবী

2625 ـ أَخْبَرَنَا عَبْدُ اللَّهِ بْنُ مُحَمَّدِ الْأَزْدِيُّ قَالَ: حَدَّثَنَا إِسْحَاقُ بْنُ إِبْرَاهِيمَ قَالَ: أَخْبَرَنَا مُعَاذُ بْنُ هِشَامٍ قَالَ: حَدَّثَنِي أَبِي عَنْ يَحْيَى بْنِ أَبِي كَثِيرٍ قَالَ: حَدَّثَنَا أَبُو سَلَمَةَ: أَنَّهُ سَأَلَ مُعَاذُ بْنُ هِشَامٍ قَالَ: حَدَّثَنَا أَبُو سَلَمَةَ: أَنَّهُ سَأَلَ عَائِشَةَ عَنْ صَلَاةِ رَسُولِ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ بِاللَّيْلِ فَقَالَتْ: كَانَ يُصلِّي ثَمَانِي عَائِشَةَ عَنْ صَلَاةٍ يُصلِّي رَكْعَتَيْنِ وَهُوَ جَالِسٌ ثُمَّ يَقُومُ فَيَقْرَأُ ثُمَّ يَرْكَعُ وَيُصلِّي رَكْعَتَيْنِ بَعْنَ النِّدَاءِ وَالْإِقَامَةِ مِنْ صلاة الصبح.

الراوي : عَائِشَة | المحدث : العلامة ناصر الدين الألباني | المصدر : التعليقات الحسان على صحيح ابن حبان

الصفحة أو الرقم: 2625 | خلاصة حكم المحدث: صحيح ـ ((صحيح أبي داود)) م.

## বাংলা

২৬২৫. আবূ সালামাহ (রহ.) থেকে বর্ণিত, তিনি আয়িশা রাদ্বিয়াল্লাহু আনহাকে রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামের সালাত সম্পর্কে জিজ্ঞেস করলে জবাবে তিনি বলেন, "রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম রাতে আট রাকা'আত তাহাজ্জুদ সালাত আদায় করতেন এবং এক রাকা'আত বিতর আদায় করতেন। তারপর তিনি বসে দুই রাকা'আত সালাত আদায় করতেন। তারপর তিনি দাঁড়াতেন অতঃপর কিরা'আত পাঠ করতেন, তারপর রুক্' করতেন এবং ফজরের আযান ও ইকামতের মাঝে দুই রাকা'আত সালাত আদায় করতেন।"[1]

## ফুটনোট

[1] বাগাবী: ৯৬৪; সহীহ মুসলিম: ৭৩৮; আবূ দাউদ: ১৩৪০; নাসাঈ: ৩/২৫১; সহীহ বুখারী: ১১৫৯।



হাদীসটিকে আল্লামা শুআইব আল আরনাউত রহিমাহুল্লাহ বুখারী ও মুসলিমের শর্তে সহীহ বলেছেন। আল্লামা নাসির উদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। (সহীহ আবূ দাউদ: ১২১১)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি 🛘 বর্ণনাকারীঃ আবূ সালামাহ্ (রহঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন